

প্রাথমিক শিক্ষায় তথ্যপ্রযুক্তি ব্যবহারের মহাপরিকল্পনা

যশন আরফিন

প্রাথমিক শিক্ষায় তথ্য প্রযুক্তি ব্যবহারের মহাপরিকল্পনা নেয়া হয়েছে। কর্নসুটির অংশ হিসেবে দেশের ৫৫টি শিক্ষক-প্রশিক্ষণ ইনস্টিটিউটের (পিটিআই) প্রতিটিতে ২০টি কম্পিউটার ও পাঁচটি ল্যাপটপ দেয়া হবে। প্রতিটি পিটিআইয়ে নির্বাণ করা হয়েছে একটি অত্যাধুনিক ল্যাবরেটরি। পাশাপাশি ৮ হাজার ৪০৪টি প্রাথমিক বিদ্যালয়েও ল্যাপটপ দেয়া হচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষাবন্ত্রী ডা. আফছারুল আতীন জানান, দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে দেশে সাক্ষরতার অংশ হিসেবে তথ্য প্রযুক্তি ব্যবহারের মহাপরিকল্পনা হাতে নেয়া হয়েছে। তিনি বলেন, আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রম শুরু করা হয়েছে। তিনি আরও বলেন, সব জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও বিভাগে দুটি এবং উপজেলা শিক্ষা অফিসে একটি করে কম্পিউটার দেয়া হয়েছে। এছাড়া জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ে ইন্টারনেট কানেকশনও দেয়া হয়েছে। সফটওয়্যার এ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে বলে জানান ডা. আফছারুল আতীন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, দেশের সব পিটিআইয়ে সফটওয়্যার ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। এমব পিটিআইয়ে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের

আইপিটি সরঞ্জামের ব্যবহার ও ডিজিটাল আইপিটি কনটেন্ট তৈরির ব্যাপারে প্রশিক্ষণ দেয়া হয়। প্রতীককে ব্যবহারের জন্য ৪টি ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর দেয়া হয়েছে। এর মাধ্যমে পিটিআই প্রশিক্ষণের মানসম্মত মাল্টিমিডিয়া ব্যবহার করে প্রাণ পরিচালনা করেন।

ল্যাপটপ পাচ্ছে সাড়ে ৮ হাজার বিদ্যালয়

সূত্র জানায়, উপজেলা পর্যায়ে ৫০০টি মহল তুলে একটি করে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। একই সঙ্গে ওয়ারেন্স মহলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। এর মাধ্যমে প্রতিটি মহল তুলে মাল্টিমিডিয়া সফটওয়্যার চালু করা পড়ব হয়েছে। প্রতিটি বিদ্যালয়ের ৪ জন শিক্ষককে ডিজিটাল কনটেন্ট তৈরির প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া দেশের প্রাথমিক বিদ্যালয়ে তথ্য প্রযুক্তি ব্যবহারের নেয়া মহাপরিকল্পনার অংশ হিসেবে প্রথম পর্যায়ে এক হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ ও প্রজেক্টর সরবরাহ করা হয়েছে। এই প্রযুক্তি ব্যবহারে প্রতি তুলে ৩ জন শিক্ষককে ডিজিটাল কনটেন্ট তৈরির প্রশিক্ষণ দেয়া হচ্ছে। চলতি বছর আরও ৭ হাজার ৪০৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি করে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হবে। এই কর্মসূচির দায়িত্বভার

মহাপরিকল্পনা : প্রযুক্তি

(৩য় পৃষ্ঠার পর)

২০১৬ সালের জুন মাসের মধ্যে ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি করে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করা হবে। ওয়ারেন্স টু ইনফরমেশন (এটিআই) প্রোগ্রাম ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের যৌথ উদ্যোগে ইতিহাসে দেশের ৩৭০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করে একটি রিসোর্স পুন্ড গঠন করা হয়েছে। উক্ত রিসোর্স পুন্ডের আওতায় বর্তমানে প্রায় ২ হাজার ১০০ শিক্ষককে ডিজিটাল কনটেন্ট তৈরি ও এর ব্যবহারের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বছরে ৩০টি পিটিআইয়ের জারও ৩ হাজার ৮৭ জন শিক্ষকের প্রশিক্ষণ চলমান রয়েছে। এমব শিক্ষক এটিআই পরিচালিত একটি রপের মাধ্যমে তুলে-তৈরি কনটেন্টগুলো একে অপরের মধ্যে বিনিময় করবেন। চলতি বছরের এক হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং আশাশী অর্ধবছরের জন্য সরান করা ৭৪০৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে সর্বমিল ৪ জন করে শিক্ষককে আইপিটি ইন একুেশন ও ডিজিটাল কনটেন্ট তৈরির প্রশিক্ষণ কার্যক্রম আশাশী অর্ধবছরে শুরু করা হবে সূত্র জানায়।

মহাপরিকল্পনা : পৃষ্ঠা ৭ : কলাম ৫